আজকের কাগজ

তারিখ 22 JUL 1996
পৃষ্ঠা ৫ কলাম ৪

# ভর্তি তথ্য কণিকা

**আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা নানামুখি সমস্যার সম্মুক্ষীণ। নানা সমস্যার মাঝে উপযুক্ত শিক্ষাঙ্গনের অপ্রতুলতা এবং সীমিত আসন অন্যতম। ফলে অনেকেই পছন্দনীয় শিক্ষাঙ্গনে ও কোর্সে ভর্তি হতে পারে না। তারা হতাশ না হয়ে খোঁজ নিতে পারেন বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে। সময়ের সঠিক ব্যবহারের মাধ্যমে আপনার জীবনেও আসতে পারে অভাবনীয় সাফল্য।**

❑ সিএসএম ইন্সটিটিউড অব গ্র্যাজুয়েট স্ট্যাডিজে বিবিএ এবং এমবিএ কোর্সে ভর্তি চলছে। এখান থেকে ভারতের পুনা বিশ্ববিদ্যালয়ের সমমানের আন্তর্জাতিক ডিগ্রি প্রদান করা হবে। বিবিএ-তে ভর্তির যোগ্যতা এইচএসসি এবং এমবিএতে ভর্তির যোগ্যতা ডিগ্রি।

❑ ঢাকার স্ট্যামফোর্ড কলেজে বিবিএ ও এমবিএ কোর্সে ভর্তি করা হবে।

এইচএসসি পাস করা ছাত্র ছাত্রিরা ৪ বৎসর মেয়াদি বিবিএ কোর্সে ভর্তির সুযোগ নিতে পারেন।

❑ ২ বছর মেয়াদি এমবিএ কোর্সে ভর্তির যোগ্যতা বিএ, বিকম ও বিএসসি পাস। এছাড়াও বিবিএ, এমএ, এমকম ও এমএসসি পাস ছাত্রছাত্রিরা ১ বছরের এমবিএ কোর্সে ভর্তির সুযোগ পাবেন। যোগাযোগ স্ট্যামফোর্ড কলেজ, রোড নং ৯/এ, হাউজ-৪২, ধানমণ্ডি, ঢাকা- ১২০৫। ফোন- ৮১৯৯৬৯।

❑ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ব্যবস্থাপনা অর্থনীতি, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, সাধারণ ব্যবস্থাপনা, কম্পিউটার বিজ্ঞান, ডেভেলপমেন্ট কমিউনিকেশন প্রভৃতি বিষয়ে প্রথম বর্ষে ভর্তির ফরম আগামী ১০ আগস্ট পর্যন্ত সরবরাহ করা হবে।

যোগাযোগ ঃ হাউজ-৩, রোড-১০, বারিধারা, ফোন-৮৮০২৯১, ৮৮১৯৬।

❑ সরকার অনুমোদিত প্রাইভেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে আইন, ইংরেজি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, বিবিএ, বিবিএ ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান ও কম্পিউটার বিজ্ঞান-এই আটটি বিষয়ে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট বিষয়ে ৪৫ ভাগ নম্বরসহ এসএসসি ও এইচএসসিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে।

যোগাযোগ- বাড়ি ১৫/এ, সড়ক ২/এ, জিগাতলা, ধানমন্ডি-ঢাকা।

❑ কলেজ অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ "কোডা" কলেজে বিজ্ঞান, বাণিজ্য, মানবিক ও গার্হস্থ্য-অর্থনীতি শাখায় ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি চলছে। যোগাযোগ ভবন-১, বাড়ি ৩০১, সড়ক ২৫, ধানমণ্ডি।

যারা পরীক্ষা শেষে ঘরে বসে আছেন সময় অপচয় না করে তারাও ভর্তি হতে পারেন বিভিন্ন কোর্সে।

ব্রিটিশ কাউন্সিলে ইংরেজি ভাষার ওপর ৫ সপ্তাহে ৩২ ঘন্টার ১টির নতুন শর্ট কোর্স চালু হচ্ছে। কোর্স ফি ৫৮০০ টাকা।

এইচএসসি পরীক্ষা হওয়া ছাত্র-ছাত্রিরা ৮ সপ্তাহের ১টি ইংরেজি ভাষা শিক্ষা কোর্সে ভর্তি হতে পারেন। প্রতিসপ্তাহে ক্লাস করতে হবে ৩ দিন।

ব্রিটিশ কাউন্সিলের জেনারেল ইংলিশ কোর্সটি করলেও যে কোনো শিক্ষার্থিরা ইংরেজিতে কথা বলা, লেখা ও জানার ক্ষেত্রে সুবিধা পেতে পারেন। ব্রিটিশ কাউন্সিল অফিসে ২৮-৩০ জুলাই ১২ টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত রেজিস্ট্রেশন করা যাবে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন-

ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা।